MAR. 1 2001

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইনকিলাব

# দাখিল পরীক্ষায় ৮ শতাধিক বহিষ্কার

**স্টাফ রিপোর্টার ঃ** গতকাল (বৃহস্পতিবার) থেকে সারাদেশে মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে দাখিল পরীক্ষা শুরু হয়েছে। ৩শ' ৫৯টি কেন্দ্রে অভিন্ন প্রশ্নপত্রে পরীক্ষা গ্রহণ করা হয়েছে। প্রথম দিনে কুরআন ও তাজবীদ বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়। তবে গতকাল পরীক্ষা চলাকালে কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। সুষ্ঠু সুন্দরভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়। এ ব্যাপারে মাদ্রাসা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মতিউর রহমান ইনকিলাবকে জানিয়েছেন, সুষ্ঠু সুন্দরভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কোথাও কোন অপ্রীতিকর

৭-এর পৃঃ ২-এর কঃ দেখুন

# দাখিল পরীক্ষায় ৮ শতাধিক বহিষ্কার

প্রথম পৃষ্ঠার পর

ঘটনা ঘটেনি বলেও তিনি জানান। মাদ্রাসা বোর্ডের তথ্যকেন্দ্র থেকে সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী গতকালকের পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে সারাদেশে ৪০টি জেলায় প্রায় আটশ' পরীক্ষার্থী বহিষ্কৃত হয়। এছাড়া অসদুপায় অবলম্বনে সহায়তা করায় একজন শিক্ষককে বহিষ্কার করা হয় বলে জানা গেছে।

উল্লেখ্য, এ বছর ৪টি বিভাগে দাখিল পরীক্ষায় মোট ১ লাখ ৫০ হাজার ৯শ' ৬৫ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছে। এর মধ্যে ৯৫ হাজার ৯শ' ৩২ জন ছাত্র এবং ৫৫ হাজার ৩৩ জন ছাত্রী। ৩৫৯টি কেন্দ্রে অনুষ্ঠিত পরীক্ষার প্রথম দিনে ৪০টি জেলায় পরীক্ষায় অসদুপায় অবলম্বের দায়ে ৮ শতাধিক ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে। সুষ্ঠু সুন্দর পরীক্ষা অনুষ্ঠানের জন্য মাদ্রাসা শিক্ষা বোর্ড ব্যাপক প্রস্তুতি গ্রহণ করার পাশাপাশি নকল প্রতিরোধে ৪৬টি দুই সদস্যবিশিষ্ট বিশেষ পরিদর্শক দল বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে পাঠিয়েছেন। রাত সাড়ে ৯টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত সর্বশেষ প্রাপ্ত তথ্য অনুযায়ী

ময়মনসিংহ জেলায় ১৭ জন, মানিকগঞ্জ থেকে ১ জন, নারায়ণগঞ্জে ২ জন, গাজীপুরে ৩৭ জন, কিশোরগঞ্জে ৩২ জন, গোপালগঞ্জে ২৬ জন, ফরিদপুরে ১৬ জন, নেত্রকোনায় ২২ জন, নীলফামারীতে ১৮ জন, নওগাঁয় ৯ জন, রংপুরে ৫ জন, চাঁপাইনবাবগঞ্জে ৩৪ জন, গাইবান্ধায় ৬১ জন, দিনাজপুরে ৬০ জন, ঠাকুরগাঁও ১৫ জন, কুড়িগ্রামে ২০ জন, লালমনিরহাটে ১৪ জন, নাটোরে ২ জন, চট্টগ্রামে ১৯ জন, ব্রাহ্মণবাড়িয়ায় ২৮ জন, লক্ষ্মীপুরে ২১ জন, ফেনীতে ১৪ জন, কুমিল্লায় ৯০ জন, সিলেটে ১ জন, হবিগঞ্জে ৭ জন,

জন, ঝালকাঠীতে ৫ জন, জয়পুরহাটে ৩৭ জন, ফরিদগঞ্জে ১ জন, টাঙ্গাইলে ৩৬ জন এবং কুষ্টিয়া জেলায় ৭ জন ছাত্র-ছাত্রী বহিষ্কৃত হয়েছে।

পটুয়াখালী জেলায় ১টি কেন্দ্রে নকল সরবরাহের দায়ে একজন পরিদর্শককেও বহিষ্কার করা হয়েছে।

চাটখিল সংবাদদাতা জানান, দাখিল পরীক্ষার ১ম দিনে কোরআন বিষয়ে চাটখিল আলীয়া মাদ্রাসা কেন্দ্রে নকলের অভিযোগে ৭ জনকে বহিষ্কার করা হয়েছে।

পটুয়াখালী জেলা সংবাদদাতা জানান, দাখিল পরীক্ষার প্রথম দিনে জেলার মির্জাগঞ্জ কেন্দ্রে নকলের অভিযোগ পাওয়া গেছে। পটুয়াখালীর জেলা প্রশাসক আব্দুস সামাদ ঐ কেন্দ্রে উপস্থিত হয়ে নকলের দায়ে ১৩ জন পরীক্ষার্থীকে এবং দায়িত্ব অবহেলার দায়ে একজন কক্ষ পরিদর্শককে বহিষ্কার করেন। দাখিল পরীক্ষার প্রথম দিনে জেলার ৭টি কেন্দ্রে মোট ৪৫ জন পরীক্ষার্থী ও ১ জন পরিদর্শককে বহিষ্কার করা হয়।

কুষ্টিয়া জেলা সংবাদদাতা জানান, দাখিল পরীক্ষার প্রথম দিনে জেলার ৩টি মাদ্রাসা পরীক্ষা কেন্দ্র থেকে ৭ জন বহিষ্কার হয়েছে।

বাগেরহাট জেলা সংবাদদাতা জানান, প্রথম দিনে জেলার ৬টি কেন্দ্রে ৮ জন দাখিল পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। ২৪৫৫ জন দাখিল পরীক্ষার্থীর মধ্যে ২,৩৪৪ জন পরীক্ষার্থী উপস্থিত ছিল। দাখিল পরীক্ষার একটি কেন্দ্রে ভুয়া পরিদর্শক পরিচয় দানকারী মাওলানা আলী আকবার নামে এক ব্যক্তিকে আটক করা হয়।

শেরপুর জেলা সংবাদদাতা জানান, দাখিল পরীক্ষার প্রথম দিনে গতকাল ৪টি কেন্দ্রে নকলের দায়ে ৪৬ জনকে বহিষ্কার করা হয়েছে। উল্লেখ্য, জেলায় এবার দাখিল পরীক্ষায় ১৬৫৭ জন পরীক্ষার্থী অংশগ্রহণ